



উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ইমেইলঃ prompa6@gmail.com
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd



শ্রমিক কর্মচারীদের খাদ্য সহায়তার জন্য মোংলা বন্দরের চেক প্রদান।

মোংলা বন্দর কর্তৃপক্ষের সভা কক্ষে আজ বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা এর নিকট হতে মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশনের সভাপতি জনাব জাহিদ হোসেন চেক গ্রহণ করেন।

চেক প্রদানকালে আরও উপস্থিত ছিলেন ক্যাপ্টেন এম আব্দুল ওয়াদুদ তরফদার (সি), এনপিপি, পিএসসি, বিএন, সদস্য (হারবার ও মেরিন), মোঃ ইমতিয়াজ হোসেন, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), মোঃ শাহীনুর আলম, পরিচালক (প্রশাসন), মোঃ সিদ্দিকুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা সহ সকল বিভাগীয় প্রধান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য করোনা পরিস্থিতিতে মোংলা বন্দরে কর্মরত আনুমানিক ৩০০০ জন শ্রমিক কর্মচারীদের খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে মোংলা বন্দর শ্রমিক কল্যাণ তহবিল থেকে ৩২,০০,০০০/- (বত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশন ও মোংলা কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এ্যাসোসিয়েশনের আবেদন ও বন্দর কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে শ্রমিক কর্মচারীদের খাদ্য সহায়তার জন্য এ অর্থ বরাদ্দ করা হয়। করোনার প্রথম ধাপেও বন্দরে কর্মরত শ্রমিকদের খাদ্য সহায়তার জন্য মোংলা বন্দর শ্রমিক কল্যাণ তহবিল হতে বরাদ্দ প্রদান করা হয়েছিল।

